গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৯১/২০১৮-১৯
ঢাকা, মঙ্গলবার ৬ নভেম্বর ২০১৮, ২২ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। স্কাউটিংয়ের মাধ্যমে যোগ্য নেতৃত্ব গড়ে তোলার আহ্বান রাষ্ট্রপতির

২। সাংবাদিকদের সম্মানে রাষ্ট্রপতির নৈশভোজ

৩। দেশে অর্থবহ নির্বাচন হবে, উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত থাকবে : প্রধানমন্ত্রী

৪। নৌবাহিনীর জন্য একটি পূর্ণাঙ্গ নৌঘাঁটি হিসেবে 'বিএনএস শেখ মুজিব' এর কমিশনিং করলেন প্রধানমন্ত্রী

৫। প্রধানমন্ত্রীর সঙ্গে ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধিদলের সাক্ষাৎ

৬। প্রধানমন্ত্রীর সঙ্গে ঐক্যফ্রন্টের দ্বিতীয় দফা সংলাপ আগামীকাল
বাম জোট ও ইসলামী ঐক্যজোটের সঙ্গে আজ সংলাপ করবেন প্রধানমন্ত্রী

৭। সমাজের কেউ আইনের উর্ধ্বে নয় : স্পিকার

৮। সংলাপের ফলাফল প্রধানমন্ত্রী সংবাদ সম্মেলন করে জানাবেন : সেতুমন্ত্রী

৯। অপরাধ করে কেউ শাস্তি এখন এড়াতে পারে না : আইনমন্ত্রী

১০। বিয়ের আগে রক্ত পরীক্ষা কেন বাধ্যতামূলক নয় : হাইকোর্টের রুল

১১। রোহিঙ্গাদের জন্য বিশ্বব্যাংক দুই প্রকল্পে দিচ্ছে ২০ কোটি মার্কিন ডলার

চলমান পাতা-২

১। **স্কাউটিংয়ের মাধ্যমে যোগ্য নেতৃত্ব গড়ে তোলার আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ স্কাউটিংয়ের মাধ্যমে আগামী দিনের যোগ্য নেতৃত্ব তৈরিতে স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে আসতে স্কাউট নেতা, অভিভাবক, শিক্ষক, জনপ্রতিনিধিসহ সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল (৫ নভেম্বর সোমবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিলের ৪৭তম বার্ষিক সাধারণ সভায় তিনি বলেন, ভবিষ্যৎ প্রজন্মকে আধুনিক, প্রগতিশীল ও সৃজনশীল জাতি হিসেবে গড়ে তুলতে স্কাউটিং কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। স্কাউটরা হলো চেঞ্জমেকার। রাষ্ট্রপতি আরো বলেন, সমাজে স্বার্থপরতা, হিংসা, লোভ ও নৈতিকতার অবক্ষয় শিশু-কিশোরদের ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। পাশাপাশি বিশ্বব্যাপী সন্ত্রাস, জঙ্গিবাদ, মৌলবাদ ও প্রযুক্তির অপব্যবহারও তরুণদের বিপথে পরিচালিত করতে ভূমিকা রাখছে। এতে অনেক সম্ভাবনাময় প্রতিভা অকালে ঝরে যাচ্ছে। এ অবস্থা থেকে তরুণদের মুক্ত রেখে তাদের মানবিক মূল্যবোধসম্পন্ন সুনাগরিক হিসেবে গড়ে তুলতে স্কাউট আন্দোলন কার্যকর ভূমিকা রাখতে পারে। তিনি নতুন প্রজন্মকে আদর্শ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে পাড়া, মহল্লাসহ শিক্ষা প্রতিষ্ঠান ও কমিউনিটিভিত্তিক স্কাউটিং চালুর ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

২। **সাংবাদিকদের সম্মানে রাষ্ট্রপতির নৈশভোজ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নিজ নিজ অবস্থান থেকে দেশের উন্নয়নে অবদান রাখতে সাংবাদিকদের প্রতি আহ্বান জানিয়েছেন। বঙ্গভবনের দরবার হলে গতকাল (৫ নভেম্বর সোমবার) গণমাধ্যমের সম্পাদকসহ সাংবাদিকদের সম্মানে আয়োজিত নৈশভোজে তিনি এ আহ্বান জানান। সাংবাদিকদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, আপনারা সমালোচনা-পর্যালোচনা করবেন, তবে সঠিক তথ্য যেন প্রকাশ পায়, সে ব্যাপারে গুরুত্ব দেওয়া উচিত। তিনি আরও বলেন, পজিটিভ নিউজ পাঠকের কাছে কাগজের বস্তুনিষ্ঠতা বাড়াবে। তবে খবর টুইস্ট করা ঠিক না। তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, তথ্য উপদেষ্টা ইকবাল সোবহান চৌধুরী, তথ্যসচিব আবদুল মালেক ও প্রধান তথ্য অফিসার কামরুন নাহার নৈশভোজে উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৩। **দেশে অর্থবহ নির্বাচন হবে, উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত থাকবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে অর্থবহ নির্বাচন হবে। আর এ নির্বাচনের মাধ্যমে উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত থাকবে। দেশ এগিয়ে যাচ্ছে, এ ধারা অব্যাহত রাখতে হবে। দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে জাতীয় পার্টির সার্বিক সহযোগিতার ভূয়সী প্রশংসা করেন এবং তাদের ধন্যবাদ জানান তিনি। একইসঙ্গে আগামীতেও আওয়ামী লীগ ও জাতীয় পার্টি একসঙ্গে কাজ করে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন প্রধানমন্ত্রী। গতকাল (৫ নভেম্বর সোমবার) গণভবনে জাতীয় পার্টির চেয়ারম্যান এইচএম এরশাদের নেতৃত্বাধীন সম্মিলিত জাতীয় জোটের সঙ্গে আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটের আলোচনায় সূচনা বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সংলাপের শুরুতে এইচএম এরশাদ ও রওশন এরশাদ প্রধানমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। **নৌবাহিনীর জন্য একটি পূর্ণাঙ্গ নৌঘাঁটি হিসেবে 'বিএনএস শেখ মুজিব' এর কমিশনিং করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৫ নভেম্বর সোমবার) বাংলাদেশ নৌবাহিনীর জন্য একটি পূর্ণাঙ্গ নৌঘাঁটি হিসেবে 'বিএনএস শেখ মুজিব'এর কমিশনিং করেছেন। রাজধানীর খিলক্ষেত এলাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে এ প্রথম কোনো নৌঘাঁটির কমিশনিং করা হলো। তিনি একইসঙ্গে অনুষ্ঠানস্থল থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঢাকা, খুলনা ও চট্টগ্রামে নৌবাহিনীর ২২টি বহুতল ভবন উদ্বোধন করেন এবং সাভারে বিএন টাউনশিপের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সে স্থানীয় এরিয়া কমান্ডার, নৌবাহিনী কর্মকর্তা এবং তাদের সহধর্মিণীদের সঙ্গে মতবিনিময় করেন। এছাড়া প্রধানমন্ত্রী অনুষ্ঠানে বাংলাদেশ নৌবাহিনীর ক্রমবিকাশ এবং জাতি গঠনে তাদের ঐতিহাসিক ভূমিকা নিয়ে প্রকাশিত 'বাংলাদেশ নেভি ইন দি টুয়েন্টি ফাস্ট সেঞ্চুরি' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬)।

৫। **প্রধানমন্ত্রীর সঙ্গে ইউরোপীয় পার্লামেন্টের প্রতিনিধিদলের সাক্ষাৎ**

সফররত ইউরোপীয় পার্লামেন্টের সদস্যরা গতকাল (৫ নভেম্বর সোমবার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। ইউরোপীয় পার্লামেন্টের সদস্য রাইজার্ড জারনেকি নয় সদস্যবিশিষ্ট এ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। প্রধানমন্ত্রীর প্রেসসচিব ইহসানুল করিম বলেন, প্রতিনিধিদলের সদস্যরা আসন্ন নির্বাচন, সাম্প্রদায়িক

সম্প্রীতি, রোহিঙ্গা ইস্যু, আর্থসামাজিক বিষয়সহ নানা বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন। এছাড়া প্রতিবেশী দেশের সঙ্গে সম্পর্ক, আঞ্চলিক সহযোগিতা, সামাজিক নিরাপত্তাবলয় কর্মসূচিসহ নানা বিষয়েও তাঁরা আগ্রহ দেখান। আসন্ন নির্বাচন সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করেছে। তিনি বলেন, স্বচ্ছতার সাথে ভোট গ্রহণের জন্য স্বচ্ছ ব্যালট বাক্স এবং ভোটারদের ছবিসহ ভোটার তালিকা সংযোজন করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

৬। প্রধানমন্ত্রীর সঙ্গে ঐক্যফ্রন্টের দ্বিতীয় দফা সংলাপ আগামীকাল
বাম জোট ও ইসলামী ঐক্যজোটের সঙ্গে আজ সংলাপ করবেন প্রধানমন্ত্রী

আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের নেতাদের দ্বিতীয় দফায় সংলাপ আগামীকাল (৭ নভেম্বর বুধবার) হতে যাচ্ছে। এদিন বেলা **১১**টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে বৈঠক অনুষ্ঠিত হবে। এবার সীমিত পরিসরে সংলাপ অনুষ্ঠিত হবে বলে জানা গেছে। একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ধারাবাহিক সংলাপের অংশ হিসেবে আজ দেশের আট দলের সমন্বয়ে গঠিত বাম গণতান্ত্রিক জোট ও ইসলামী ঐক্যজোটের সঙ্গে সংলাপ করবেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে দুপুর ২টায় ইসলামী ঐক্যজোট ও সন্ধ্যা সাড়ে ৭টায় বাম গণতান্ত্রিক জোটের সংলাপ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), (পৃ.১,ক.৫.), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ,ক.৭)।

৭। সমাজের কেউ আইনের ঊর্ধ্বে নয় : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সমাজের কেউ আইনের ঊর্ধ্বে নয়। জীবনের প্রতিটি ক্ষেত্রেই আইন গুরুত্বপূর্ণ। এ আইনের মাধ্যমে জনগণ প্রতিকার পেয়ে থাকে। আইনের শাসন প্রতিষ্ঠা করে গণতন্ত্রকে আরও সমুন্নত করতে সৎ, নির্ভীক ও দৃঢ়চেতা বিচারকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গতকাল (৫ নভেম্বর সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের নবাব নওয়াব আলী মিলনায়তনে আইন বিভাগের মেধাবী শিক্ষার্থীদের বিচারপতি সিকান্দার আলী মেমোরিয়াল বৃত্তি প্রদান-২০১৮ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৮। সংলাপের ফলাফল প্রধানমন্ত্রী সংবাদ সম্মেলন করে জানাবেন : সেতুমন্ত্রী

বিভিন্ন দল ও জোটের সঙ্গে চলমান সংলাপ শেষে এর ফলাফল আগামী ৮ বা ৯ নভেম্বর সংবাদসম্মেলন করে জানাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এখন সংলাপগুলোর সারসংক্ষেপ তৈরি করা হচ্ছে। গতকাল (৫ নভেম্বর সোমবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের নিজ মন্ত্রণালয়ের সভাকক্ষে সমসাময়িক ইস্যুতে প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানিয়ে আরও বলেন, সংলাপে অংশ নেওয়া দলগুলোর সব বক্তব্যের রেকর্ড রাখা হচ্ছে। এজন্য তিনজনকে দায়িত্ব দেওয়া হয়েছে, তারা প্রথম দিন থেকেই প্রস্তুতি নিয়েছেন। কমপাইল করা হচ্ছে প্রতিদিন। এসব কাজ শেষে দলগুলোর সঙ্গে সংলাপের ফলাফল ও সরকারের সিদ্ধান্ত সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী জানাবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫),**ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

৯। অপরাধ করে কেউ এখন শাস্তি এড়াতে পারে না : আইনমন্ত্রী

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের বিভিন্ন পদক্ষেপ নেওয়ার ফলে এখন এ নীতি-আদর্শ প্রতিষ্ঠিত হয়েছে যে, কেউ আইনের উর্ধ্বে নয় বরং অপরাধ করে কেউ শাস্তি এড়াতে পারে না। ক্ষমতা বা রাজনৈতিক পরিচয়ে কোনো অপরাধী আর বিচার এড়াতে পারে না। প্রত্যেক অপরাধীই তাদের স্ব স্ব অপকর্মের জন্য দায়ী। সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকারী। গতকাল (৫ নভেম্বর সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিচারপতি সিকান্দার আলী স্মৃতি বৃত্তি প্রদান অনুষ্ঠানে 'আইনের শাসন এবং বাংলাদেশ প্রসঙ্গ' শিরোনামে মূল প্রবন্ধ উপস্থাপনকালে আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

১০। বিয়ের আগে রক্ত পরীক্ষা কেন বাধ্যতামূলক নয় : হাইকোর্টের রুল

চাকরিতে প্রবেশের আগে ডোপ টেস্ট এবং বিয়ের আগে বর ও কনের রক্তে থ্যালাসেমিয়া ও মাদকের অস্তিত্ব আছে কি-না তা পরীক্ষা করে মেডিকেল সার্টিফিকেট দাখিল কেন বাধ্যতামূলক করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। এক আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি জে বি এম হাসান ও বিচারপতি মোহাম্মদ খায়রুল আলম সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (৫ নভেম্বর সোমবার) এ রুল জারি করেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৮), **অববজারভার** (শেষ পৃ,ক.১)।

১১। রোহিঙ্গাদের জন্য বিশ্বব্যাংক দুই প্রকল্পে দিচ্ছে ২০ কোটি মার্কিন ডলার

বিশ্বব্যাংক দুই প্রকল্পে ঋণ ও অনুদান মিলিয়ে ২০ কোটি মার্কিন ডলার দিচ্ছে। একটি প্রকল্পের আওতায় কক্সবাজার জেলাসহ উপকূলীয় অঞ্চলে বনায়ন ও পাহাড় উন্নয়ন করা হবে। রোহিঙ্গারা আসার কারণে এ জেলায় বনায়নের যে ক্ষতি হয়েছে, তা এ প্রকল্পের মাধ্যমে পুষিয়ে নেওয়ার চেষ্টা করা হবে। অন্য প্রকল্পের মাধ্যমে রোহিঙ্গা শিক্ষার্থীদের স্কুলে ফিরিয়ে আনা হবে। গতকাল (৫ নভেম্বর সোমবার) চুক্তিতে এ দুই প্রকল্পে অর্থায়নের জন্য সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে দু'টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব মনোয়ার আহমেদ এবং বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান চুক্তিতে স্বাক্ষর করেন। এনইসি সম্মেলনকক্ষে রাজধানীর শেরেবাংলা নগরের এ চুক্তি স্বাক্ষরিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **যুগান্তর** (পৃ.১৫,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, নিউজ টুডে :** চলতি মাসের ৮ তারিখে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করবে নির্বাচন কমিশন উল্লেখ করে সব দলের অংশগ্রহণে নির্বাচন অনুষ্ঠিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ভোরের কাগজ, সমকাল, যায়যায়দিন, যুগান্তর, নিউ নেশন :** পুরান ঢাকার জুরাইনে বোনকে উত্যক্ত করার প্রতিবাদ করতে গিয়ে বখাটেদের ছুরিকাঘাতে খুন হয়েছেন বড় ভাই উল্লেখ করে ইভটিজিং বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **যুগান্তর :** সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক বদলি নির্দেশিকা ২০১৮ এ যেসব নতুন নীতিমালা করা হয়েছে তা শিক্ষকবান্ধব উল্লেখ করে এ নীতিমালার কারণে শিক্ষকরা নতুন উদ্যমে দায়িত্ব পালন করতে পারবেন বলে মন্তব্য ।

ঘ. **সংবাদ :** রাজধানীর গণপরিবহণগুলো দীর্ঘদিন ধরে কোনো নিয়মকানুনের তোয়াক্কা না করে নিজেদের ইচ্ছেমতো চলছে উল্লেখ করে এ ধরনের নৈরাজ্য বন্ধে সংশ্লিষ্ট সব বিভাগেরই সচেতনতামূলক ভূমিকা রাখার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইত্তেফাক, জনকণ্ঠ :** নেপালের কাঠমান্ডু স্টেডিয়ামে সাফ অনূর্ধ্ব-১৫ ফুটবল চ্যাম্পিয়নশিপের ফাইনালে পাকিস্তানকে হারিয়ে বাংলাদেশ কিশোর ফুটবল দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় অভিনন্দন।

চ. **বাংলাদেশ টুডে :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদ্মাসেতুর ৬০ ভাগ কাজ সম্পন্ন হওয়ার চিত্র অবলোকন করেছেন উল্লেখ করে এ সেতুটি চালু হলে দেশের দক্ষিণাঞ্চলের সাথে যোগাযোগব্যবস্থার অভূতপূর্ব উন্নয়ন সাধিত হবে বলে আশাপ্রকাশ।

ছ. **নিউ নেশন :** র‌্যাবের সদস্য হিসেবে পরিচয় প্রদান করে বিভিন্ন জায়গায় অপহরণের সাথে জড়িত থাকা সাতজন র‌্যাবের হাতে আটক হওয়ার কথা উল্লেখ করে এ ধরনের প্রতারকদের বিরুদ্ধে কঠোরব্যবস্থা নেওয়ার দাবি।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের উন্নয়নে বৈদেশিক ঋণের পরিবর্তে বৈদেশিক বিনিয়োগ বাড়াতে নানা পদক্ষেপ নেওয়া জরুরি।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'জীববৈচিত্র্য সংরক্ষণে উদ্যোগ নিন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশে কৃষির অগ্রযাত্রাকে ত্বরান্বিত করতে জীববৈচিত্র্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করতে হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা